তারিখ 23 FEB 2017
পৃষ্ঠা ২০ কলাম ২

# বঙ্গবন্ধু ও বঙ্গমাতা স্কুল ফুটবল

■ ক্রীড়া প্রতিবেদক

বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট গতকাল শুরু হয়েছে। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপের প্রথম ম্যাচে রংপুর বিভাগ ৪-০ গোলে সিলেট বিভাগকে হারিয়েছে। আর মেয়েদের নিয়ে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপে চট্টগ্রাম বিভাগ ২-০ গোলে রাজশাহী বিভাগকে পরাজিত করে। এর আগে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ভবনে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় টুর্নামেন্ট উপলক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। আরও উপস্থিত ছিলেন বাফুফে সভাপতি কাজী মো. সালাউদ্দিন।

# ২০ স্কুল নিয়ে বাস্কেটবল টুর্নামেন্ট

■ ক্রীড়া প্রতিবেদক

বিশটি স্কুল নিয়ে আজ শুরু হচ্ছে আন্তঃস্কুল বাস্কেটবল টুর্নামেন্ট। তিন দিনব্যাপী টুর্নামেন্টের খেলা অনুষ্ঠিত হবে ধানমণ্ডি বাস্কেটবল জিমন্যাশিয়ামে। টুর্নামেন্টে বয়েজ স্কুলের ১২টি ও গার্লস স্কুলের আটটি দল অংশ নেবে। বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের আয়োজনে এ টুর্নামেন্টের টাইটেল স্পন্সর হয়েছে প্রাণ বাবলগাম। সহযোগিতায় থাকছে ট্রিট ডেইরি মিল্ক।

গতকাল বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন ভবনে এক সংবাদ সম্মেলনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাস্কেটবল ফেডারেশনের সভাপতি মোস্তফা জালাল মহিউদ্দীন, সহসভাপতি মঈনুল আহসান মঞ্জু, কোষাধ্যক্ষ ওয়াসেফ আলী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক খাইরুল আলম ফরহাদ, টুর্নামেন্টের সদস্য সচিব রণজিৎ চন্দ্র দাস, প্রাণ কনফেকশনারির হেড অব মার্কেটিং সাখাওয়াত আহমেদ, ব্র্যান্ড ম্যানেজার সাজ্জাদ হোসেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।